# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 29 June, 2025

রাজধানীর উত্তরা ৬ নম্বর সেক্টরের একটি হোটেল জোরপূর্বক দখলের চেষ্টার সময় র‍্যাব-১ এর অভিযানে নয়জনকে আটক করা হয়েছে।

ঘটনাটি ঘটেছে গতকাল শনিবার (২৮ জুন) বিকেলে, উত্তরা পূর্ব থানাধীন হোটেল 'মিলিনা'-তে।

আটক ব্যক্তিরা হলেন: সাজ্জাদ হোসেন (২৮), শফিক মোল্লা (৩০), আরিফুল ইসলাম (৩০), তন্ময় হোসেন শাওন (২৭), রবিউল ইসলাম (২৫), আনোয়ার হোসেন আশিক (২৭), সাইফুল ইসলাম সাগর (২৭), জালাল খান (৩০) ও আমির (২১)।

র‍্যাব-১ এর মেজর আহনাছ গণমাধ্যমকে জানান,

"শফিক মোল্লার নেতৃত্বে প্রায় ২৪ জনের একটি দল ১০টি মোটরসাইকেলযোগে হোটেলটি দখল করতে আসে। ঘটনাটি পুরনো ব্যবসায়িক বিরোধের জেরে ঘটে। মালিক আনোয়ার হোসেনের সঙ্গে তাদের দীর্ঘদিনের দ্বন্দ্ব রয়েছে।"

ঘটনার সময় হোটেল এলাকায় অবস্থান করছিলেন র‍্যাব-১ এর গোয়েন্দা সদস্যরা।তারা দূর থেকে ছবি তুলছিলেন, যা দেখে হামলাকারীরা উল্টো র‍্যাব সদস্যদের ঘিরে ধরে ও ছবি তুলতে বাধা দেয়।

তৎক্ষণাৎ র‍্যাবের টহল দল ও উত্তরা পূর্ব থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে

আনে এবং নয়জনকে আটক করে।

আটককৃতদের বিরুদ্ধে মামলা করে উত্তরা পূর্ব থানায় হস্তান্তর করা হয়েছে বলে নিশ্চিত করেছেন মেজর আহনাছ।

আটক র‍্যাব-১ রাজধানী উত্তরা ৬

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 00:44

URL: https://www.timestodaybd.com/national/3898775807